

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-নাসমক/২০২৩/ ২১৯৬ (১৫)

তারিখ : ২১/৯/২০২৩ খ্রি.

২০২২ সালের অনার্স ২য় বর্ষের ফরম পূরণের বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজের ২০২০-২১ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শুধুমাত্র (Promoted) শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২১ সালের অনার্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন কোর্স/পত্রে C গ্রেড D গ্রেড F গ্রেড পেয়েছে এমন শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ২০২২ সালের অনার্স ২য় বর্ষের ফরম পূরণ কার্যক্রম আগামী ২৫/৯/২০২৩ খ্রিঃ হতে ১০/১০/২০২৩ খ্রিঃ পর্যন্ত চলবে। ফরম পূরণের ফিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে দেয়া হলোঃ

১। বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত তালিকায় বর্ণিত ছাত্রীগণ ফরম পূরণ করতে পারবে। তালিকায় নাম না থাকলে ফরম পূরণের সুযোগ নেই।

২। ছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অন লাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে।

৩। ২০২১ সালের অনার্স ২য় বর্ষের ফরম পূরণের টাকা মানউন্নয়ন শিক্ষার্থী ব্যতীত অন্যরা সরাসরি বিকাশের মাধ্যমে ফি পরিশোধ করতে পারবে।

৪। মানউন্নয়ন ফরম ফিলাপের জন্য শিক্ষার্থীরা নারায়ণগঞ্জ সরকারি মহিলা এর ফরম পূরণের ওয়েবসাইট (<https://ngmc.eshiksaems.com/>) গিয়ে User Name : ngmcstudent ও Password : ngmcstudent দিয়ে Login করার পর Improvement Form Fill up এ ক্লিক করতে হবে। Class Roll এর ঘরে NU Reg: No দিয়ে View Charge and Course details এ ক্লিক করতে হবে। এরপর শিক্ষার্থী subject select থেকে যতটি বিষয়ে মানউন্নয়ন পরীক্ষা দিবে তা সিলেক্ট করে Add subject এ ক্লিক করলে মানউন্নয়ন ফরম পূরণের মোট কত টাকা পরিশোধ করতে হবে, তা দেখাবে। এরপর শিক্ষার্থী বিকাশ এ নির্ধারিত টাকা পরিশোধ করে Print Form থেকে মানউন্নয়ন ফরমটি প্রিন্ট করে বিভাগে জমা দিতে হবে।

৪। ছাত্রীদেরকে ফরম পূরণ ফি বাবদ নিম্নোক্ত ফি পরিশোধ করতে হবেঃ

অনার্স বিষয় ও টাকার পরিমাণ		
বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান	উদ্ভিদবিজ্ঞান	প্রাণিবিদ্যা
২৩৫০	৩২১০	৩২১০

৫। ফরম পূরণ ফি জমা দেয়ার পর পূরণকৃত আবেদন ফরমটিতে আবেদনকারীকে ফরমের নির্ধারিত স্থানে দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঁকা দিয়ে লাগিয়ে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ দুই কপি আবেদন ফরম (মূলটিসহ একটি ফটোকপি) নিজ নিজ বিভাগে জমা দিতে হবে। বিভাগীয় প্রধানগণ ফরমসমূহ যাচাই-বাছাইপূর্বক স্বাক্ষর করে আগামী ১১/৯/২০২৩ খ্রি. এর মধ্যে অবশ্যই কলেজ অফিসে জমা দিবেন।

৬। ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষা বর্ষের শিক্ষার্থী যারা ২০২১ সালে ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৭। যারা এখনও ২য় বর্ষে ভর্তি হয়নি তাদের ফরম পূরণের সময় ২য় বর্ষে ভর্তি হতে হবে। ভর্তি ফি বাংলা, ইংরেজি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি হিসাববিজ্ঞান- ২৭৯০/- এবং প্রাণিবিদ্যা ও উদ্ভিদবিদ্যা- ২৮৯০/-

B. Akter ২১.৯.২৩
অধ্যক্ষ

নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ

নারায়ণগঞ্জ।

বিতরণ :-

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।

২। বিভাগীয়প্রধান, বাংলা/ইংরেজি/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজকর্ম/প্রাণিবিদ্যা/উদ্ভিদবিদ্যা/হিসাববিজ্ঞান অনার্স বিষয়সমূহ,

৩। হিসাবরক্ষক, অত্র কলেজ।

৪। সংরক্ষণনথি।